



১৩ নভেম্বর থেকে রাজনৈতিক দলের সঙ্গে সংলাপ শুরু করবে ইসি



সংগৃহীত ছবি

আগামী ১৩ নভেম্বর থেকে রাজনৈতিক দলগুলোর সঙ্গে আনুষ্ঠানিক সংলাপ শুরু করতে যাচ্ছে নির্বাচন কমিশন (ইসি)। রোববার (৯ নভেম্বর) ইসির জনসংযোগ শাখা এক বিজ্ঞপ্তিতে এ তথ্য নিশ্চিত করেছে।

ইসির প্রাথমিক পরিকল্পনা অনুযায়ী, প্রতিটি সেশনে ছয়টি রাজনৈতিক দলের প্রতিনিধি অংশ নেবেন। দিনে দুটি সেশন অনুষ্ঠিত হবে, ফলে প্রতিদিন মোট ১২টি দলের প্রতিনিধিদের সঙ্গে আলোচনা করা হবে। সংলাপ শুরুর ধারাবাহিকতায় সর্বশেষ পর্যায়ে বিএনপি ও জামায়াতে ইসলামীকে আমন্ত্রণ জানানো হবে বলে জানা গেছে।

এর আগে শিক্ষক সমাজ, নির্বাচন বিশেষজ্ঞ এবং সুশীল সমাজের প্রতিনিধিদের সঙ্গে একাধিক দফায় মতবিনিময় করেছে নির্বাচন কমিশন।

ইসি সূত্রে আরও জানা গেছে, এই সংলাপে জাতীয় পার্টি, জাসদ, গণতন্ত্রী পার্টি, জাকের পার্টি, তরিকত ফেডারেশন, সাম্যবাদী দল ও ন্যাপসহ ১৪ দলীয় জোটের অন্তর্ভুক্ত কোনো দলকে না ডাকার বিষয়ে কমিশন নীতিগত সিদ্ধান্ত নিতে পারে।